

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কিশোরগঞ্জ
ও
রিটার্নিং অফিসার
৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪
জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ
www.kishoreganj.gov.bd

নম্বর: ৩১.১২.৪৮০০.০০৩.৯৯.০০৫.২৪- ৩৭

তারিখ: ১১ বৈশাখ ১৪৩১
২৪ এপ্রিল ২০২৪

গণ-বিজ্ঞপ্তি

যেহেতু, নির্বাচন কমিশন এতদ্বারা উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ অনুযায়ী সংযোজিত তফসিলে বর্ণিত কিশোরগঞ্জ জেলার বাজিতপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নবর্ণিত সময়সূচি ধার্য করে প্রজ্ঞাপন জারি করেছে-

রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট অনলাইনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	০৯ মে ২০২৪ ২৬ বৈশাখ ১৪৩১	বৃহস্পতিবার
রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১২ মে ২০২৪ ২৯ বৈশাখ ১৪৩১	রবিবার
মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	১৩-১৫ মে ২০২৪ ৩০ বৈশাখ-০১ জ্যৈষ্ঠ ১৪৩১	সোমবার-বুধবার
আপিল নিষ্পত্তি	:	১৬-১৮ মে ২০২৪ ০২-০৪ জ্যৈষ্ঠ ১৪৩১	বৃহস্পতিবার-শনিবার
প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ	:	১৯ মে ২০২৪ ০৫ জ্যৈষ্ঠ ১৪৩১	রবিবার
প্রতীক বরাদ্দ	:	২০ মে ২০২৪ ০৬ জ্যৈষ্ঠ ১৪৩১	সোমবার
ভোট গ্রহণের তারিখ	:	০৫ জুন ২০২৪ ২২ জ্যৈষ্ঠ ১৪৩১	বুধবার

ভোটগ্রহণের সময়সীমাঃ সকাল ০৮.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত ব্যালট এর মাধ্যমে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

০২। এক্ষেপে, সেহেতু, আমি এ টি এম ফরহাদ চৌধুরী, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কিশোরগঞ্জ ও রিটার্নিং অফিসার, বাজিতপুর উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪, উক্ত বিধিমালায় বিধি ১৪ অনুযায়ী এতদ্বারা গণ-বিজ্ঞপ্তি জারি করছি যে, বাজিতপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচনের জন্য মনোনয়নপত্র আগামী ০৯ মে ২০২৪/ ২৬ বৈশাখ ১৪৩১ তারিখ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত অথবা উক্ত দিনের পূর্ববর্তী যে কোন সময় অনলাইনে দাখিল করা যাবে।

০৩। উল্লেখ্য যে, অনলাইনে মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে নির্বাচন কমিশনের ওয়েব সাইটে (www.ecs.gov.bd) প্রবেশ করে বাম পাশে ম্যানুবারে 'অনলাইনে মনোনয়নপত্র দাখিল' লিংকে প্রবেশ করে মনোনয়নপত্র দাখিল করতে হবে।

২৪/০৪/২০২৪
এ টি এম ফরহাদ চৌধুরী
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কিশোরগঞ্জ
ও
রিটার্নিং অফিসার
বাজিতপুর উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪

তারিখ: ২ ৪ দিন ০ ৪ মাস ২ ০ ২ ৪ বৎসর

নম্বর: ৩১.১২.৪৮০০.০০৩.৯৯.০০৫.২৪- ৩৭

তারিখ: ১১ বৈশাখ ১৪৩১
২৪ এপ্রিল ২০২৪

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা;
- ৩। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা;
- ৪। মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা;
- ৫। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ ও আপিল কর্তৃপক্ষ, ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪;
- ৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ;
- ৭। পুলিশ সুপার, কিশোরগঞ্জ;
- ৮। জেলা নির্বাচন অফিসার, কিশোরগঞ্জ;
- ৯। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, বাজিতপুর, কিশোরগঞ্জ (বিজ্ঞপ্তি তার কার্যালয়ের নোটিশ বোর্ড, পৌরসভা, ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ড এবং প্রকাশ্য স্থানে জনসাধারণের জ্ঞাতার্থে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো);
- ১০। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ডিডিপি, কিশোরগঞ্জ;
- ১১। সিনিয়র জেলা তথ্য অফিসার, কিশোরগঞ্জ (বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো);
- ১২। অফিসার ইন-চার্জ, বাজিতপুর, কিশোরগঞ্জ;
- ১৩। উপজেলা নির্বাচন অফিসার, বাজিতপুর, কিশোরগঞ্জ।

২৪/০৪/২০২৪
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কিশোরগঞ্জ
ও
রিটার্নিং অফিসার
বাজিতপুর উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪